

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA

Date: 02-02-2025

Time: 07:58-08:10 PM Hrs

BENGALI EVENING BULLETIN

(১) বাগদেবী সরস্বতীর আরাধনা আজ ও আগামীকাল অনুষ্ঠিত হচ্ছে রাজ্য জুড়ে।

(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতীয় অর্থনীতি ক্রমশ শক্তিশালী হচ্ছে এবং নাগরিকদের আয় বাড়ছে।

(৩) রাজ্যের জুমিয়া কৃষকদের উৎপাদিত বিশেষ সুগন্ধিযুক্ত অর্গানিক ব্ল্যাক রাইস বা কালো চাল রপ্তানি করা হয়েছে।

(৪) কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ত্রিপুরা স্পোর্টস স্কুল খেলবে টাকারজলা স্কুলের বিরুদ্ধে।

**

Saraswati Puja:

বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজার্চনা আয়োজনে ব্যস্ততা রাজ্যজুড়ে। শ্রী পঞ্চমী তিথি অনুযায়ী আজ এবং আগামীকাল বাগদেবীর পূজা অনুষ্ঠিত হচ্ছে। আজ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ি, ক্লাব, সংস্থায় দেবী সরস্বতী পূজার আয়োজন করা হয়। আগামীকালও সরস্বতী পূজার আয়োজন করা হবে। পূজার উপকরনে আগরতলার বাজারগুলো সেজে ওঠেছে। বাসন্তী রঙ্গের ফুল, পলাশ, কোঁদোল ফুল, কাঁচা হলুদ, কুল, খাগড়া নলের কলম, পূজার অন্যতম উপকরন। সরস্বতী পূজাকে কেন্দ্র করে বিশেষত ছোট ছোট ছেলেমেয়েদের মধ্যে বিপুল উৎসাহ তৈরি হয়েছে।। রাজ্যের জাতি-জনজাতি উভয় অংশের জনগনই সরস্বতী পূজায় মেতে ওঠেন।

আকাশবাণী আগরতলা কেন্দ্রের কর্মীবৃন্দও সরস্বতী পূজার আয়োজন করেছেন।

Saraswati Puja Greetings:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বসন্ত পঞ্চমী এবং সরস্বতী পূজা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, এই আনন্দের উপলক্ষ, যা শিক্ষা এবং জ্ঞানের সাথে জড়িত, দেশবাসীর জন্য যেন সুখ, সমৃদ্ধি এবং জ্ঞান নিয়ে আসে। রাষ্ট্রপতি ভারতকে বিশ্বের জ্ঞানকেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য প্রার্থনা করেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও এই উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন।

PM- Rally Delhi:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতীয় অর্থনীতি ক্রমশ শক্তিশালী হচ্ছে এবং নাগরিকদের আয় বাড়ছে। গত এক দশকে ভারতের অর্থনীতি দশম থেকে বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে উন্নীত হয়েছে। তিনি আজ দিল্লির আর কে পুরমে একটি নির্বাচনী জনসভায় একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, ভারতের উন্নয়নে মধ্যবিত্তদেরও বিরাট অবদান রয়েছে।

গতকাল বাজেট পেশ হওয়ার পর থেকে সমগ্র মধ্যবিত্তরা বলছেন, ভারতের ইতিহাসে এটি তাদের জন্য সবচেয়ে সুবিধাজনক বাজেট। বাজেটে বিদ্যালয় শিক্ষায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব দেওয়ায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন।

#####PM Byte#####

Biplab Kumar Deb:

প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন, ২০২৫-২৬ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট মধ্যবিত্ত ও নিম্নবিত্ত আয়ের নাগরিকদের উন্নত জীবন যাত্রার প্রতিফলন। বাজেটে মহিলাদের ক্ষমতায়নে বিশেষ উদ্যোগের ফলে তাঁদের অর্থনৈতিক স্বাধীনতা ও সামাজিক অংশীদারিত্ব সুনিশ্চিত করবে ১

#####Byte Biplab Kr. Deb#####

Budget (2025-26) for Doner Ministry:

আগামী অর্থবছরের বাজেটে উত্তর পূর্বাঞ্চল মন্ত্রকের বাজেট বরাদ্দ হয়েছে ৫ হাজার ৯শ ১৫ কোটি টাকা, যা চলতি অর্থবছরে ৪ হাজার ৬ কোটি টাকার সংশোধিত বাজেটের তুলনা ৪৭.৬ শতাংশ বৃদ্ধি হয়েছে। এই বাজেট প্রস্তাবে বিদ্যুৎ বন্টন এবং আন্তরাজ্য পরিবহন বৃদ্ধি বাস্তবায়নকারী রাজ্যগুলির জন্য জিএসডিপি খণের অতিরিক্ত ০.৫ শতাংশ মঞ্জুর করা হয়েছে। জল জীবন মিশন নলের মাধ্যমে ১০০% জলের কাভারেজকে লক্ষ্য রেখে ব্যয়ের পরিমাণ বৃদ্ধি এবং প্রকল্পের মেয়াদ ২০২৮ সাল পর্যন্ত বাড়ানোর প্রস্তাব রয়েছে। উত্তরপূর্বে পর্যটন উন্নয়নে বৌদ্ধ পর্যটক সার্কিটগুলিকে বিশেষ নজর প্রদান করা হবে। উত্তর পূর্বাঞ্চলে এমএসএমই গুলিকে বিশ্ব সরবরাহ শৃঙ্খলের সঙ্গে সংহত করতে সহায়তা প্রদান করা হবে। প্রস্তাবিত বাজেটে স্বনির্ভর গোষ্ঠীয় ও গ্রামীণ ঋণদানের জন্য গ্রামীণ ক্রেডিট স্কের-গ্রামীণ ঋণ রেটিং কাঠামো গড়ে তোলা এনইআরএর স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য ক্ষুদ্র ঋণের প্রবেশাধিকার বাড়ানো হবে।

Gender Budget:

গতকাল সংসদে কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারামনের পেশ করা কেন্দ্রীয় বাজেটে মোট ব্যয় বরাদ্দে অন্তর্ভুক্ত রয়েছে লিঙ্গ সমতা অর্জনের জন্য বরাদ্দ। মোট বাজেট বরাদ্দের সাপেক্ষে

জেন্ডার বাজেট এর প্রস্তাবিত শেয়ার এবছর দাঁড়িয়েছে ৮ দশমিক আট ছয় শতাংশ ।

২০২৫-২৬ এর জেন্ডার বাজেট সংক্রান্ত বিবৃতি অনুসারে, এবারের বাজেটে কেন্দ্রীয় অর্থমন্ত্রী মহিলা ও মেয়েদের কল্যাণে ৪ লক্ষ ৪৯ হাজার কোটি টাকা বরাদ্দ করেছেন । গত বছরের তুলনায় এবারের কেন্দ্রীয় বাজেটে এই খাতে ৩৭ শতাংশের অধিক বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। তাছাড়া, জেন্ডার বাজেটের ক্ষেত্রে আগামী অর্থ বছরের জন্য সর্বকালীন রেকর্ড সংখ্যক ৪৯টি মন্ত্রক ও দপ্তর এবং ৫টি কেন্দ্র শাসিত অঞ্চল ব্যয় বরাদ্দ রেখেছে।

MohaKumbha :

এখন মহাকুম্ভের খবর.....

#####Sound Byte Mohakumbha#####

প্রয়াগরাজের মহাকুম্ভে বসন্ত পঞ্চমীতে তৃতীয় অমৃত স্নান আগামীকাল। এই পুন্যস্নান ঘিরে যাতে কোনো অনভিপ্রেত ঘটনার পুনরাবৃত্তি না ঘটে তার জন্য প্রশাসন চূড়ান্ত সতর্ক রয়েছে। ইতিমধ্যেই লক্ষ লক্ষ পুণ্যার্থী মহাকুম্ভমেলায় এসে পৌঁছেছেন। ভক্তরা প্রশাসনের সঙ্গে সমস্ত ধরনের সহযোগিতা করছেন।

তৃতীয় অমৃত স্নান উপলক্ষে রেলওয়ে প্রয়াগরাজের বিভিন্ন রেলস্টেশন থেকে ৪০০ টিরও বেশি মহাকুম্ভ মেলা বিশেষ ট্রেন পরিচালনা করবে। আকাশবাণী সংবাদদাতা জানাচ্ছেন, আগামীকাল তৃতীয় অমৃতস্নান অনুষ্ঠিত হবে। প্রয়াগরাজ জংশন এবং অন্যান্য আটটি রেলস্টেশনে চিকিৎসক এবং প্যারামেডিক্যাল কর্মীদের দিয়ে সজ্জিত মোট ৩২টি মেডিকেল বুথ কাজ করছে।

#####Sound Byte Mohakumbha#####

Jiten Chowdury:

জনশিক্ষা আন্দোলনের নেতা তথা রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত দশরথ দেবের ১১০ তম জন্ম দিবস উদযাপন করা হয় খোয়াইয়ের আমপুরাস্থিত দশরথ দেব স্মৃতি পার্কে। আজ এই জন্মজয়ন্তী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপিএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী সহ দলের খোয়াই জেলা ও মহকুমার নেতৃত্বরা।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Organic Black Rice:

রাজ্যের জুমিয়া কৃষকদের উৎপাদিত বিশেষ সুগন্ধিযুক্ত অর্গানিক ব্ল্যাক রাইস বা কালো চাল সরকারি ভাবে নয়াদিল্লীতে রপ্তানি করা হয়েছে। উত্তর জেলার কাঞ্চনপুর মহকুমায় জুমিয়া কৃষকদের উৎপাদিত এক হাজার তিনশো কেজি অর্গানিক ব্ল্যাক রাইস জম্পুই অর্গানিক ফার্মার প্রডিউসার কোম্পানির মাধ্যমে দিল্লির ন্যাশনাল কো-অপারেটিভ লিমিটেডের কাছে প্রতি কেজি

১৬০ টাকা দরে বিক্রি করা হয়। কাঞ্চনপুর মহকুমা কৃষি আধিকারিক কবীর দেববর্মা জানিয়েছেন প্রথমবারের মতো রাজ্যের অর্গানিক ব্ল্যাক রাইস বহিঃরাজ্যে রপ্তানি শুরু হল। এই চাল উৎপাদনে জুমিয়া কৃষকদের দারুণ ভাবে সহায়তা করছে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর। শ্রী দেববর্মা আরও জানান, গত জানুয়ারি মাসে কাঞ্চনপুর কৃষি দপ্তরের মাধ্যমে ২ হাজার কিলোগ্রাম বার্ড আই চিলি বা ধনে লক্ষা রপ্তানির পর অর্গানিক ব্ল্যাক রাইস রপ্তানিতেও সাফল্য অর্জন করল কাঞ্চনপুর কৃষি দপ্তর।

Inauguration:

কৈলাশহরের ঊনকোটি জেলা হাসপাতাল চত্বরে আজ বিকালে নবনির্মিত "গর্ভবতী মায়েদের টিকাদান কেন্দ্র" এর আনুষ্ঠানিক দ্বারোদঘাটন করেন, রাজ্যের শ্রমমন্ত্রী টিংকু রায়।

উজ্জীবন ব্যাঙ্ক এর সৌজন্যে নির্মিত ভবনটির উদ্বোধনী ভাষণে মন্ত্রী শ্রী রায় বলেন, রাজ্যের স্বাস্থ্যসেবার সার্বিক মান উন্নয়নে রাজ্য সরকার সচেষ্ট রয়েছে। এই অগ্রগতিকে এগিয়ে নিয়ে যেতে সামাজিক দায়বদ্ধতা থেকে অনেক সংস্থা-প্রতিষ্ঠান এগিয়ে আসছে। এটি একটি ইতিবাচক দিক বলে তিনি মন্তব্য করেন।

অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের জেলা সার্ভিলেন্স অফিসার ডাঃ শঙ্খাশুভ্র দেবনাথ, প্রমুখ উপস্থিত ছিলেন।

Cleanliness:

কৈলাশহরের শ্রীশ্রী রামঠাকুর সেবা আশ্রমের উদ্যোগে আজ বিভিন্ন এলাকা সাফাই অভিযান কর্মসূচি অনুষ্ঠিত হয়। শ্রীশ্রী ঠাকুর রামচন্দ্রদেবের ১৬৫ তম শুভ আবির্ভাব তিথি এবং শ্রীশ্রী রামঠাকুর আশ্রম প্রতিষ্ঠার সুবর্ণজয়ন্তী উপলক্ষে এই সাফাই অভিযান অনুষ্ঠিত হয়।

Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কিছু কিছু জায়গায় হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৬.৮ ডিগ্রি সেলসিয়াস।

Kajal Smriti Football:

কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ত্রিপুরা স্পোর্টস স্কুল খেলবে টাকারজলা স্কুলের বিরুদ্ধে। আগামী ৪ ফেব্রুয়ারী আসরের ফাইনাল খেলাটি হবে। আজ আসরের দুটি সেমিফাইনাল অনুষ্ঠিত হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম সেমিফাইনালে ত্রিপুরা স্পোর্টস স্কুল পেনাল্টি শ্যুট আউটে ৪-৩ গোলে হলিক্রস স্কুলকে হারায়। নির্ধারিত সময়ে এই ম্যাচটি ২-২ গোলে ড্র ছিল। পরে অপর সেমিফাইনালে টাকারজলা স্কুল ৪-২ গোলে আসাম রাইফেলস স্কুলকে হারিয়ে দেয়।

Naidu Trophy:

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় উত্তরাখণ্ডের বিরুদ্ধে লিড নিয়ে সরাসরি জয়ের অপেক্ষায় রয়েছে ত্রিপুরা। এম বি বি স্টেডিয়ামে ৭ উইকেটে ২৭২ রান থেকে আজ দ্বিতীয় দিনে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩৪৯ রান করে। জবাবে উত্তরাখণ্ড প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৫০ রান করে। ২৯৯ রানে পিছিয়ে থেকে উত্তরাখণ্ড ফলো অনে নেমে দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ১১১ রান করে।

Ranji Trophy:

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় মহারাষ্ট্রের সাথে ত্রিপুরা ড্র করেছে। সোলাপুরের ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে ২ উইকেটে ১৩৫ রান থেকে আজ চতুর্থ তথা শেষ দিনে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৫ উইকেট হারিয়ে ৩১০ রান করে। ফলে ম্যাচটি ড্র হয়। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসে ২৭০ রানের জবাবে মহারাষ্ট্র প্রথম ইনিংসে ৪১৮ রান করেছিল।

Sub-Divission Under-15 Cricket:

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা ভিত্তিক অনূর্ধ্ব-১৫ ক্রিকেট টুর্নামেন্টের তৃতীয় ম্যাচে আজ সানফ্লাওয়ার ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল ৩৭৫ রানের বিশাল ব্যবধানে বকাফা আশ্রম দ্বাদশ স্কুলকে পরাজিত করে। বিজয়ী দলের টুটন সাহা ১৬৯ রান ও পুষ্পেন্দু সরকার ১৫৫ রান করে।
